



তিন ব্যান্ড তারকার প্লেব্যাক

এই প্রথমবারের মতো একসাথে একটি চলচ্চিত্রে প্লেব্যাক করলেন জনপ্রিয় তিন তারকা। এরা হলেন— ব্যান্ডসঙ্গীতের গুরু আজম খান, হাসান ও বিপ্লব। আবদুল্লাহ আল মামুনের 'দুই বেয়াইয়ের কীর্তি', চলচ্চিত্রে এই তিন ব্যান্ড তারকা একসাথে প্লেব্যাক করেছেন। গানটি সরাসরি চলচ্চিত্রে লাইভ কনসার্ট আকারে প্রদর্শিত হবে। জানা গেছে, সাম্প্রতিক কালের রাজনৈতিক প্রেক্ষাপটকে ইঙ্গিত করে গানের কথাগুলো সাজিয়েছেন ছবির পরিচালক আবদুল্লাহ আল মামুন নিজেই। আর এই গানের সুর ও সঙ্গীত পরিচালনা করেছেন আরমান খান। গানটির শিরোনাম হলো— খোল যা সিম সিম, জাগো আলী বাবা, বড় কপ্তে আছি চাচা, দেখিয়া-শুনিয়া আলী চাচা, চল্লিশ চোরের দুর্দশা। 'আলী বাবা চল্লিশ চোর' গল্পের আদলে গানটি লেখা হয়েছে। গান প্রসঙ্গে আজম খান বলেন, গানটি অনেক ভালো হয়েছে। এই গানে সমাজের জন্য একটি ম্যাসেজ রয়েছে। উল্লেখ্য, খুব শিগগিরই 'দুই বেয়াইয়ের কীর্তি' ছবিটি মুক্তি পাবে।

কে তুমি নতুন রাধা

বাবা সিরাজ সিকদার ছিলেন বিপ্লবী নেতা। এই বিপ্লবী নেতার মেয়ে শিখা সিকদারের দ্বিতীয় অ্যালবাম এখন বাজারে। নাম 'আমি নতুন রাধা'। ইতোমধ্যেই অ্যালবামটি বেশ শ্রোতাপ্রিয় হয়েছে। আর তারই ফলশ্রুতিতে অ্যালবামের গানগুলো মিউজিক ভিডিও আকারে ডিভিডি অ্যালবাম

হিসেবেও প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছে প্রযোজনা প্রতিষ্ঠান সঙ্গীতা। অ্যালবামে ১০টি গান রয়েছে। গানগুলো হলো— বিনি সুতার মালা, আমি নতুন রাধা, ভালোবাসো কি না বাসো। মরতে আমি চাই, নয়নে থাকো তুমি, মন চায় যে ভালোবাসি, আমি ভাগ্য দোষী, বলো এত জ্বালা, মন পুড়িলে এবং আমি না বুঝিয়া। অ্যালবামের সঙ্গীত করেছেন মেহেদী।

নোলক-সালমার দ্বৈত অ্যালবাম

নোলক বাবু ও সালমা আক্তার। ক্রোজআপ ওয়ান প্রতিভা অন্বেষণের দুই বিজয়ী শিল্পী। এবার এই দুই শিল্পী একসাথে গান গাইছেন একটি অ্যালবামে। খুব শিগগিরই অ্যালবামের গানের রেকর্ডিং-এর কাজ শুরু হবে। অ্যালবামটি বাজারজাত করবে অডিও প্রযোজনা প্রতিষ্ঠান গানচিল। এখন পর্যন্ত নাম ঠিক না হওয়া এই অ্যালবামে মোট ১০টি গান থাকছে। গানের সুর ও সঙ্গীত পরিচালনা করবেন শওকত আলী ইমন। বর্তমানে গান বাছাইয়ের কাজ চলছে। অ্যালবামটির পরিকল্পনায় রয়েছেন গীতিকার আসিফ ইকবাল ও কুমার বিশ্বজিৎ। জানা গেছে,

অ্যালবামের ১০টি গানের মধ্যে ৪টি গান নোলক ও সালমা দ্বৈতভাবে কণ্ঠ দিবেন। বাকি ছয়টি গানের তিনটি করে গান নোলক ও সালমা এককভাবে কণ্ঠ দিবেন।

রবীন্দ্রসঙ্গীতে ফাহিমদা নবী

২২ শ্রাবণ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মহাপ্রয়াণ দিবস উপলক্ষে বাজারে এসেছে ফাহিমদা নবীর রবীন্দ্রসঙ্গীতের অ্যালবাম। অ্যালবামের নাম 'আমার বেলা যে যায়'। অ্যালবামটি প্রকাশ করেছে অডিও প্রযোজনা প্রতিষ্ঠান ইমপ্রেস অডিও ভিশন। রবীন্দ্রসঙ্গীতের এই অ্যালবামে বাছাই করা মোট ১২টি গান রয়েছে। গানগুলির সঙ্গীতায়োজন করেছেন পার্থ মজুমদার ও পঞ্চম। 'আমার বেলা যে যায়' অ্যালবাম প্রসঙ্গে ফাহিমদা নবী বলেন, অ্যালবামের গানের সঙ্গীতায়োজনে রবীন্দ্রনাথ ঠাকুর প্রিয় বাদ্য পিয়ানো বাজানো হয়েছে। আর এই অ্যালবাম প্রকাশের মধ্য দিয়ে আমার দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হলো।



লেজারভিশন থেকে সম্প্রতি বের হয়েছে টেলিফিল্ম 'হতাই', চলচ্চিত্র 'নীল আকাশের নিচে', প্রামাণ্য চলচ্চিত্র 'ভূমি' এবং ববিতা অভিনীত ছবির গান নিয়ে 'রূপালী ফিতায় ববিতা' ডি এ তায়েবের চিত্রনাট্য এবং মনির হোসেন জীবন পরিচালিত টেলিফিল্ম 'হতাই'-তে অভিনয় করেছেন— তানিয়া



আহমেদ, ফাহিমদা শান্তা, আব্দুল কাদের, ডি এ তায়েব, খায়রুল কাদের, সালেহ আহমেদ, আব্দুস সাত্তারসহ আরো অনেকে। মিতা পরিচালিত গত শতাব্দীর ষাট দশকের সাড়া জাগানো চলচ্চিত্র 'নীল আকাশের



নীচে'-র প্রধান চরিত্রের অভিনয়শিল্পীরা হলেন— রাজ্জাক, কবরী, আনোয়ার হোসেন, রোজী প্রমুখ। এদেশের ভূমিহীন মানুষদের নিয়ে 'ভূমি' নামে প্রামাণ্য চলচ্চিত্রটি নির্মাণ করেছেন প্রথিতযশা চলচ্চিত্রকার মোরশেদুল ইসলাম। ২৫ মিনিট ব্যাপ্তির এই প্রামাণ্য চলচ্চিত্রটি নির্মাণে সহযোগিতা করেছে CAMPE অর্থাৎ ক্যাম্পেইন ফর পপুলার এডুকেশন এবং ALARD অর্থাৎ এসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম এন্ড ডেভেলপমেন্ট।

'রূপালী ফিতায় ববিতা' শিরোনামের ডিভিডিতে রয়েছে ববিতা অভিনীত ছবির ৩২টি গান। এখানে ঠাই পেয়েছে 'পীচ ঢালা পথ', 'বাদী থেকে বেগম', 'নয়নমনি', 'লাঠিয়াল', 'বন্দিনী', 'এখনই সময়', 'অপবাদ', 'শুনাহগার', 'নাগপূর্ণিমা', 'পেনশন', 'কি যে করি' এবং 'সোহাগ' ছবির গান।

